Series &RQPS/S

**SET-4**

Q.P. Code **5/S**

Roll No. | | | | | | | | |

Candidates must write the Q.P. Code on the title page of the answer-book.

**নোট**

(I) পরীক্ষার্থী যেন যাচাই করে নেয় প্রশ্নপত্রে **15** টি মুদ্রিত পৃষ্ঠা রয়েছে।

(II) পরীক্ষার্থীরা যেন যাচাই করে নেয় যে প্রশ্নপত্রে **16** টি প্রশ্ন আছে।

(III) প্রশ্নপত্রের ডানদিকে কোড নং দেওয়া আছে। উত্তরপত্রের মুখ্য পাতার ছাত্রছাত্রীরা কোড নংটি লিখবে।

(IV) **উত্তর শুরু করার আগে উত্তর-পত্রে প্রশ্নের ক্রমিক নং (Serial Number) লিখতে হবে।**

(V) প্রশ্নপত্রটি পড়ার জন্য 15 মিনিট সময় দেওয়া হবে। 10.15 মিনিটে প্রশ্নপত্র বিতরণ করা হবে। 10.15 থেকে 10.30 মিনিট পর্যন্ত পরীক্ষার্থীরা কেবল প্রশ্নপত্রটি পড়বে। এই সময়ে কোনো উত্তর লেখা চলবে না।

**NOTE**

(I) Please check that this question paper contains **15** printed pages.

(II) Please check that this question paper contains **16** questions.

(III) Q.P. Code given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.

(IV) Please write down the serial number of the question in the answer-book before attempting it.

(V) 15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the students will read the question paper only and will not write any answer on the answer-book during this period.

# বাংলা

# BENGALI

*সময় : 3 ঘন্টা* — *সর্বমোট অঙ্ক : 80*

*Time allowed : 3 hours* — *Maximum Marks : 80*

**General Instructions :**

***সাধারণ নির্দেশ :***

1. This question paper is divided into **two** parts.

| | | | |
|---|---|---|---|
| **PART – A** | : | Objective Type Questions (MCQ) | : 25 Marks |
| **PART – B** | : | Descriptive Type Questions | : 55 Marks |

2. **Part – A** has **three** sections :

| | | | |
|---|---|---|---|
| **Section – A** | : | Reading (Unseen Comprehension) | : 10 Marks |
| **Section – B** | : | Grammar | : 5 Marks |
| **Section – C** | : | Main Course Book | : 10 Marks |

3. **Part – B** has **three** sections :

| | | | |
|---|---|---|---|
| **Section – A** | : | Grammar | : 10 Marks |
| **Section – B** | : | Supplementary Reader/Non-detailed Text | : 35 Marks |
| **Section – C** | : | Creative Writing | : 10 Marks |

**PART – A : Objective Type Questions (MCQ)** **25 Marks**

**Section – A : Reading (Unseen Comprehension)**

**1.** নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর বেছে লেখো : (MCQ) *5×1=5*

(a) বেলা যদিও হয়েছে, আমরা যেখানে দাঁড়িয়ে ছিলাম তার পুবে একটি পাহাড় ছিল । সেটি ডিঙিয়ে আসতে সূর্যের সময় লাগলো প্রায় ঘন্টাখানেক । আমরা বাংলো থেকে অনেকক্ষণ হলো বেরিয়েছি । সূর্যটা সবে উঠছে । পাহাড়ের ওপাশে তখনো এই অচানক মারে শীত শীত ভাব আছে এই মার্চ মাসের মাঝামাঝিতেও । কলকাতার মানুষ মাত্রই শীতকাতুরে । শীত বলতেও সেখানে মাত্র দেড় দু মাস । তাও তাকে শীত বললে উত্তর মধ্য ভারতের এমনকি বিহার, ওড়িশা, আসামের মানুষরাও হাসেন । কাল সন্ধ্যেবেলাতেই আমরা এখানে এসে পৌঁছেছি । আমরা, মানে, ঋজুদা, আমি আর ভটকাই । তিনজনে দাঁড়িয়েছিলাম একটা

টিলার উপরে, অচানক মার বন বাংলো থেকে মাইল দুয়েক উত্তরে। সামনে দিয়ে দুধলি সাপের মতন এঁকেবেঁকে চলে গেছে একটি পাহাড়ি নদী তার বুকের নুড়িময় সাদা বুকে অতি ধীরে ধীরে পাহাড় টপকানো সূর্যর কমলা রঙা আভা লাগছে, যেমন করে স্থলপদ্মর পাপড়িতে সকালে লালের ছোপ লাগে। এমন ধীরে যে বোঝা পর্যন্ত যায় না।

রোদ আরো জোর হলে সেই কমলাভাবটি কেটে যাবে। দুধলি অস্পষ্টতা মুছে গিয়ে নদীর জল সাদা হবে, বালির রং গেরুয়া, পাথরের কালো। তখনো রাতের শিশিরে বন জঙ্গল, দূরের শিকার, পানির পাহাড় সব ভিজে আছে। এই বসন্তের ভোরের বন, পাহাড়, নদীর এক আশ্চর্য গন্ধ ও মোহ আছে, মুগ্ধতাও।

তিতির, বাটর ও ছাতারে ডাকছে চারধার থেকে। টিয়া আর চন্দনার ঝাঁক শন শন করে উড়ে যাচ্ছে ঝাঁক ঝাঁক সবুজ তীরের মতন। মাথার উপর দিয়ে। এমনই ব্যস্তসমস্ত হয়ে, যেন কোন খুবই জরুরি খবর তাদের পৌঁছে দিতে হবে এখনই কারো কাছে।

রাতের সব পাখিরা এখন চুপ। একেবারেই চুপ। ধীরে ধীরে পাহাড় শ্রেণির পেছনে পুবের আকাশ লাল হচ্ছে। আলো ফোটার সঙ্গে সঙ্গে কত কিছু ঘটবার সম্ভাবনাও যেন স্পষ্ট হয়ে উঠছে ধীরে ধীরে। অন্ধকার রাত পোয়ালে, সবকিছু স্পষ্ট আলোকময় করে রাতের সব ভয় ও অনিশ্চিত দূর করে একটি দিন আসছে অনেক আশা নিয়ে।

(i) প্রদত্ত অনুচ্ছেদটিতে কোন সময়ের বর্ণনা দেওয়া হয়েছে?

(A) বসন্তের ভোর (B) বসন্তের সন্ধ্যে

(C) শীতের ভোর (D) শীতের সন্ধ্যে

(ii) দুধলি সাপের সাথে কীসের তুলনা করা হয়েছে?

(A) পাহাড়ি নদীর নুড়িময় সাদা বুক

(B) পাহাড়ি নদীর আঁকা বাঁকা গতিপথ

(C) সূর্যের কমলা রঙের আভা

(D) স্থলপদ্মের পাপড়ি

(iii) নীচে প্রদত্ত বিবৃতি দুটি পড়ো ও সঠিক উত্তর নির্বাচন করো :

মন্তব্য (ক) : সূর্যের আলো প্রখর হওয়ার সঙ্গে সঙ্গে প্রকৃতির সাদাটে ভাব দূর হয়ে রঙের ছোঁয়া লেগেছে সর্বত্র।

মন্তব্য (খ) : অন্ধকার রাত পেরিয়ে পাহাড়ের পেছন থেকে সূর্য উদয়ের সাথে সাথে একটি ভীতিজনক, অনিশ্চয়তা ভরা দিনের সূচনা হচ্ছে।

(A) মন্তব্য (ক) ঠিক; মন্তব্য (খ) ভুল।

(B) মন্তব্য (খ) ঠিক; মন্তব্য (ক) ভুল।

(C) মন্তব্য (ক) এবং (খ) দুটোই ঠিক।

(D) মন্তব্য (ক) এবং (খ) দুটোই ভুল।

(iv) প্রদত্ত অনুচ্ছেদটিতে কটি পাখির নাম উল্লেখ করা হয়েছে :

(A) তিন (B) চার

(C) পাঁচ (D) ছয়

(v) 'পোয়ালে' শব্দটির সাধুরূপ কোনটি ?

(A) পোয়ালেই (B) পোহাইতেছিল

(C) পোহালে (D) পোহাইলে

(b) মন্দিরের পাশের প্রাচীরের উপর হনুমানের মত বসে একটা কাঁচা পেয়ারা চিবুচ্ছিল বিল্টু। চক্রবর্তী গিন্নি তখন গরদের শাড়ি পড়ে, বড় একটা থালায় নৈবেদ্য সাজিয়ে মন্দিরে যাচ্ছিলেন। বিল্টুর দিকে নজর যেতেই থমকে দাঁড়ালেন। বললেন, ''হ্যাঁরে বাঁদর এই সাত সকালেই এসে জুটেছিস। তোকে দেখলে ও ছোঁড়া কি আর পড়বে ? নিজে তো গোল্লায় যাচ্ছিস, ওটাকে আবার টানছিস কেন'' ? ওটা হচ্ছে চক্রবর্তী গিন্নির বোনের ছেলে গোবিন্দ। ওর মা বাবা দুজনেই মারা গেছেন। থাকে চক্রবর্তী গিন্নির কাছে। স্কুলে পড়ে। বিল্টুর সঙ্গেই। ক্লাস এইটে। চক্রবর্তী গিন্নির অভিযোগ অমূলক নয়। ইতিমধ্যে বিল্টুর সঙ্গে গোবিন্দর চোখাচোখি হয়ে গেছে। চক্রবর্তী গিন্নি মন্দিরে ঢুকলেই গোবিন্দ বেরিয়ে আসবে। তারপর দুজনে যাবে তাল ডিঙির মাঠে একটা গোপন অভিযানে। *5×1=5*

বিল্টু পারতপক্ষে চক্রবর্তী গিন্নির সব কথার উত্তর দেয় না। দিয়ে কী হবে ? চক্রবর্তী গিন্নি কি বুঝবেন ওর দুঃখ। মুদির দোকানে কাজ করে ওর বাবা। মাল ওজন করে ঠোঙায় বেঁধে দেয়। সব মাসে ইস্কুলের মাইনে দিতে পারে না। জানুয়ারি থেকে মাস গড়াতে গড়াতে ডিসেম্বরে এসে পৌঁছায়, তখনো ওর সব বই কেনা হয় না। খাতার অভাব তো আছেই। কালি-পেন্সিলের ও অভাব কম নয়। ওকি আঙ্গুল দিয়ে মাটিতে লিখবে ? আকাশের দিকে তাকিয়ে ওর পাঠ মুখস্ত হবে ? তবে সারাটা সকাল কী করবে ও ?

বেশ আছেন চক্রবর্তীরা। ওদের কোন পূর্বপুরুষ এই মন্দির করে গেছেন। ওরা তাই ভাঙিয়ে খাচ্ছেন। এই অঞ্চলের তাবৎ লোক পুজো দেয় এই রাধা মাধবের মন্দিরে। পথচলতি লোকেরা এসেও প্রণামী দিয়ে যায়। কারোর গাই বিয়োলে প্রথম দুধ দিতে আসে রাধা মাধবের মন্দিরে। গাছের ফল পাকলে আসে। তাছাড়াও আছে আরও মানসিক পূজা পার্বণ। আর কিছুই প্রায় কিনতে হয় না চক্রবর্তীদের। চাল, ডাল, তেল, নুন, শাড়ি, ধুতি, গামছা কোনটাই গাঁটের কড়ি ফেলে কিনতে হয় না। ছানা, সন্দেশ, রসগোল্লা এইসব দিয়েই জলখাবার করে ওরা। নানারকম মিঠাই আর ফলে ওদের ঘর বোঝাই। নারকোলের ছড়াছড়ি।

(i) গোবিন্দ চক্রবর্তী-গিন্নির কে ছিল ?

(A) ভাইপো (B) বোনপো

(C) দেওরপো (D) ভাসুরপো

(ii) নীচের কোন বিবৃতিটি সত্য ?

(A) বিল্টু ও গোবিন্দ পড়াশোনায় খুব মনোযোগী।

(B) বিল্টু ও গোবিন্দ চক্রবর্তী গিন্নির পরামর্শ ছাড়া কোথাও যায় না।

(C) বিল্টু ও গোবিন্দ সুযোগ পেলেই পড়া ছেড়ে তালডিঙির মাঠে চলে যায়।

(D) বিল্টু ও গোবিন্দ মন্দিরের পুজো দেওয়া ফল চুরি করে খায়।

(iii) নীচের কার্য ও কারণ পড়ো এবং সঠিক উত্তর নির্বাচন করো :

কার্য (ক) : গোবিন্দর মা ও বাবা দুজনেই স্বর্গবাসী হওয়ায় চক্রবর্তী গিন্নি গোবিন্দকে অত্যন্ত স্নেহ করেন এবং যাতে সে বিগড়ে না যায় সেদিকে লক্ষ্য রাখেন।

কারণ (খ) : অবস্থাপন্ন ঘরের বিগড়ে যাওয়া সন্তান বিল্টুর সঙ্গে মিশলে গোবিন্দরও বিগড়ে যাওয়ার সম্ভাবনা আছে বলে চক্রবর্তী গিন্নি মনে করেন।

(A) কার্য (ক) ঠিক; কারণ (খ) ভুল।

(B) কারণ (খ) ঠিক; কার্য (ক) ভুল।

(C) কার্য (ক) এবং কারণ (খ) দুটোই ঠিক।

(D) কার্য (ক) এবং কারণ (খ) দুটোই ভুল।

(iv) "নিজে তো গোল্লায় যাচ্ছিস, ওটাকে আবার টানছিস কেন ?" – কে, কাকে বলেছিল ?

(A) বিল্টু গোবিন্দকে (B) চক্রবর্তী গিন্নি গোবিন্দকে

(C) বিল্টুর মা বিল্টু কে (D) চক্রবর্তী গিন্নি বিল্টুকে

(v) "পূর্বপুরুষ" শব্দটির বিপরীত শব্দ কোনটি ?

(A) আদি পুরুষ (B) পিতৃ পুরুষ

(C) উত্তর পুরুষ (D) মধ্যম পুরুষ

## Section – B : Grammar

**2.** যে কোনো ***পাঁচটি*** (Any ***five***) বাগধারা/প্রবাদের সঠিক উত্তর বেছে লেখো (MCQ) । *5×1=5*

(i) "উভয় সংকট"-এর অর্থ কী ?

(A) যে জলে থাকে, ডাঙায়ও থাকে।

(B) ঘোরতর বিপদ

(C) বিপদে ঘাবড়ে যাওয়া

(D) দুদিকেই বিপদ

(ii) নীচের কোন বাক্যটিতে "তাসের ঘর" বাগধারাটির সঠিক প্রয়োগ হয়েছে ?

(A) রামদের বাড়িটি তাসের ঘরের মতো মজবুত ।

(B) ছোটবেলা থেকেই তাসের ঘরের মতো ঘর বানানোর স্বপ্ন দেখা উচিত ।

(C) তাসের ঘরের মতো ঘর বানালে দীর্ঘস্থায়ী হবে ।

(D) খড়ের ঘরটি তাসের ঘরের মতো ভেঙে পড়ল ।

(iii) কোন বাগধারাটির অর্থ 'সুসময়ের বন্ধু' ?

(A) হাতের পাঁচ

(B) তীর্থের কাক

(C) সুখের পায়রা

(D) ছাই চাপা আগুন

(iv) সঠিক প্রবচনটি নির্বাচন করে শূণ্যস্থান পূর্ণ করো –

শিমলার স্বাস্থ্য শিবিরে যোগদান করতে গিয়ে আমি আশেপাশের পাহাড়ি সৌন্দর্য ও উপভোগ করলাম । এ যেন ___________ দুটোই হল ।

(A) যতক্ষণ শ্বাস ততক্ষণ আশ

(B) হাতের লক্ষ্মী পায়ে ঠেলা

(C) রথ দেখা কলা বেচা

(D) দশের লাঠি একের বোঝা

(v) 'হ-য-ব-র-ল' বাগধারাটির অর্থ

(A) সদৃশ মিশ্রণ

(B) বিসদৃশ মিশ্রণ

(C) অনুরূপ মিশ্রণ

(D) তুল্য মিশ্রণ

(vi) 'অপাত্রে দান' কোন বাগধারাটির অর্থ ?

(A) শাঁখের করাত

(B) ছাই চাপা আগুন

(C) ভস্মে ঘি ঢালা

(D) গড্ডলিকা প্রবাহ

(vii) প্রদত্ত বাক্যটিতে শূন্য স্থান পূরণের জন্য নীচের কোন বাগধারাটি ব্যবহার করা যাবে ?

"নিজের ____________, নাহলে অতিরিক্ত ব্যয়ের জন্য তোমাকে দুর্দশায় পড়তে হবে ।"

(A) কড়ায় গন্ডায় (B) টনক নড়া

(C) আক্কেল সেলামি (D) ওজন বুঝে চলা

(viii) 'অকাল কুষ্মান্ড' বাগধারাটির অর্থ কী ?

(A) অকাল পক্ক (B) অসম্ভব বস্তু

(C) অপদার্থ (D) স্পষ্ট বক্তা

## Section – C : Main Course Book

**3.** পাঠ্য নাটক থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লেখো : *5×1=5*

(i) নীচের বিবৃতি দুটি পড়ে সঠিক উত্তর নির্বাচন করো :

রজনীকান্ত মনে প্রাণে বিশ্বাস করতেন যে ____________

(ক) : থিয়েটার ওয়ালা একটা অস্পৃশ্য ভাঁড়

(খ) : নাট্যাভিনয় একটি পবিত্র শিল্প

(A) (ক) এবং (খ) দুটোই বিশ্বাস করতেন ।

(B) (ক) এবং (খ) কোনোটাই বিশ্বাস করতেন না ।

(C) (ক) বিশ্বাস করতেন, (খ) নয় ।

(D) (খ) বিশ্বাস করতেন, (ক) নয় ।

(ii) রজনীকান্তের অনুরোধে ক্যাচ দেওয়ার জন্য কালীনাথ কার সংলাপ বলেছিলেন ?

(A) ঔরঙ্গজীব (B) মহম্মদ

(C) বক্তিয়ার (D) দিলদার

(iii) মেয়েটি রজনীকান্তকে বিয়ে করতে চায়নি কেন ?

(A) সে থিয়েটার পছন্দ করত না ।

(B) সে পুলিশের চাকরি বেশি পছন্দ করত ।

(C) থিয়েটার ওয়ালার স্ত্রী হওয়া সে সম্মানের মনে করত না ।

(D) রজনীকান্তের প্রেম সম্পর্কে তার মনে সন্দেহ ছিল ।

(iv) "মরা হাতি সোয়া লাখ" বলতে রজনীকান্ত কী বুঝিয়েছেন ?

(A) বৃদ্ধ বয়সে অভিনয় প্রতিভার মৃত্যু ঘটে ।

(B) বৃদ্ধ বয়সের অভিনয় দর্শকদের প্রশংসা পায় না ।

(C) বৃদ্ধ হলেও দর্শকরা তাঁর প্রতিভার কদর করে ।

(D) অভিনেতা হিসেবে তিনি মঞ্চে আকাঙ্খিত নয় ।

(v) রজনীকান্তের হতাশাগ্রস্ত হওয়ার কারণ কী ?

(A) মৃত্যুভয়

(B) একাকীত্ববোধ

(C) অতিরিক্ত মদ্যপান

(D) বুড়ো বয়সের ভীমরতি

(vi) নাটকটিতে রজনীকান্তের মুখে কোন কোন চরিত্রের সংলাপ শোনা গেছে ?

(A) ঔরঙ্গজীব ও মহম্মদ

(B) দিলদার ও বক্তিয়ার

(C) ঔরঙ্গজীব ও বক্তিয়ার

(D) মহম্মদ ও দিলদার

**4.** পাঠ্য সহায়ক পাঠ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লেখো : (যে কোনো ***পাঁচটি***) (Any ***five*** – MCQ) *5×1=5*

(i) "জেলখানায় অসহ্য লাগে অপরাধের তুলনায় শাস্তির এই হের ফের" – কারণ :

(ক) গরীব ও বড়োলোক অপরাধীদের শাস্তির কোনো পৃথক ব্যবস্থা নেই।

(খ) বড়োঘরের বড়োলোকেরা বড়ো বড়ো অপরাধ করেও কম শাস্তি পায়। আর যারা পেটের জ্বালায় ছিচ্‌কে চোর হতে বাধ্য হয়েছে তাদের জন্য নরকবাসের ব্যবস্থা থাকে।

(A) কারণ (ক) ঠিক, (খ) ভুল।

(B) কারণ (খ) ঠিক, (ক) ভুল।

(C) কারণ (ক) এবং (খ) দুটোই ঠিক।

(D) কারণ (ক) এবং (খ) দুটোই ভুল।

(ii) "চারদিকে পাহাড়তলীর অরণ্য — তরাইয়ের গভীর জঙ্গল" — কোথায় দেখা যায়?

(A) শিলিগুড়িতে

(B) সাহেব গঞ্জে

(C) পূর্ণিয়ায়

(D) বাংলাদেশে

(iii) 'মালকাটা' কাদের বলে?

(A) যারা বারুদের আওয়াজ করে কয়লা ফেলে

(B) কয়লার চাপ ভেঙে পড়ার মতো হলে কাঠের ঠেকো দেয় যারা

(C) খাদ মজুরদের

(D) কয়লা ভর্তি টব খাদ থেকে তোলে যারা

(iv) 'সুঁদ' কী ?

(A) কয়লার গুঁড়ো

(B) ম্যানেজারের বাংলো

(C) কুলিদের বস্তি

(D) খাদের সুড়ঙ্গ

(v) হাতি বেগার প্রথার মূল উদ্দেশ্য ছিল —

(A) প্রজাদের উপর অত্যাচার করা

(B) জমিদারের হাতি শিকারের শখ পূরণ করা

(C) হাতি বন্দী করে নিয়ে আসা

(D) মৃত হাতির বিভিন্ন অঙ্গ চড়াদামে বিক্রি করা

(vi) মহাজন চরিত্রটির বৈশিষ্ট্য বর্ণনায় কোন বিশেষণ দুটি উপযুক্ত

(A) ধুরন্ধর, ঠগ (B) দয়ালু, প্রবঞ্চক

(C) অত্যাচারী, দরদী (D) দাপুটে, অহংকারী

**PART – B : Descriptive Type Questions** **55 Marks**

**Section – A : Grammar**

**5.** ধ্বনি বিজ্ঞানের নিম্নলিখিত সূত্রগুলির যে কোনো ***একটির*** (Any ***one***) দুটি উদাহরণসহ সংজ্ঞা লেখ : *1×5=5*

অভিশ্রুতি অথবা স্বরভক্তি অথবা স্বরসংগতি

**6.** শব্দার্থ তত্ত্বের নিম্নলিখিত প্রকার ভেদগুলির যে কোনো ***একটির*** (Any ***one***) তিনটি উদাহরণসহ সংজ্ঞা লেখ : *1×5=5*

(a) শব্দার্থের অপকর্ষ

**অথবা (OR)**

(b) শব্দার্থের সংকোচন

## Section – B : Supplementary Reader/Non-detailed Text

**7.** (a) "ভুরি ভোজনটা অন্যায়, কিন্তু না খেতে মরা উচিত নয় ভাই" — *2+3=5*

(i) কে, কাকে একথা বলেছে ?

(ii) এই উক্তির মাধ্যমে বক্তা উদ্দিষ্ট ব্যক্তিকে কী বোঝাতে চেয়েছেন ?

**অথবা (OR)**

(b) "ফিরে এসে সবাই দিগন্তে চোখ রাখল ঝাঁকে ঝাঁকে কখন শকুণ নামবে"

(i) কারা কোথা থেকে ফিরে আসল ?

(ii) তারা শকুন নামার প্রতীক্ষা করছিল কেন ?

**8.** কখন, কেন উচ্ছবের মনে হয়েছিল যে ভগবানও দুর্যোগে কাঁথা মুড়ি দিয়ে ঘুমোন ? *1×2=2*

**9.** (a) "চাওলার বিক্রিবাট্টা বাড়ে" —

কোন পরিস্থিতিতে, কেন চা ওয়ালার বিক্রিবাট্টা বাড়ে ? *1×3=3*

**অথবা (OR)**

(b) "কারো বুকে নালিশ নেই, কারো মনে প্রতিবাদ নেই" —

কাদের, কোন পরিস্থিতি দেখে লেখকের একথা মনে হয়েছিল ?

**10.** সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ : (Any ***one***) *1×5=5*

(a) "আমার বিবেক, আমার বারুদ বিস্ফোরণের আগে"

**অথবা (OR)**

(b) আমৃত্যু দুঃখের তপস্যা এ জীবন

**11.** (a) "চোখ তো সবুজ চায়
দেহ চায় সবুজ বাগান" *2+3=5*

(i) এই পংক্তির মাধ্যমে কবির কোন ইচ্ছা প্রকাশিত ?

(ii) শরীরের এই অঙ্গ-প্রত্যঙ্গগুলি সবুজ চায় কেন — তাৎপর্য লেখ ।

**অথবা (OR)**

(b) "নাই যদি হয় ক্রোধ"

(i) কী দেখে ক্রোধের সৃষ্টি হওয়া উচিত ?

(ii) ক্রোধ হওয়া প্রয়োজন কেন —
কবির বক্তব্য অবলম্বনে সমাজে মানুষের মূল্যবোধের তাৎপর্য বুঝিয়ে দাও ।

**12.** (a) "কে জিতেছিল ? একলা সে ?" *2+3=5*

(i) কে, কী জিতেছিল ?

(ii) "একলা সে" ? এই প্রশ্নটির পশ্চাতে কবির কোন মানসিকতা প্রকাশ পেয়েছে ।

**অথবা (OR)**

(b) "রাজারা কী – পাথর ঘাড়ে করে আনত ?"

(i) এই প্রশ্নের মাধ্যমে কবি রাজাদের সম্পর্কে কী বলতে চান ?

(ii) পাথর বয়ে আনা ব্যক্তিদের কাছে কবির প্রত্যাশা কী ?

**13.** (a) "এই মাঝরাতে পাবলিক এখন থিয়েটার দেখে-টেখে গিয়ে টেনে ঘুম লাগাচ্ছে" *2+3=5*

(i) কে, কাকে একথা বলেছে ?

(ii) পাবলিকদের সম্পর্কে বক্তার এরূপ উক্তির কারণ কী ?

**অথবা (OR)**

(b) "কোথায় গেল আটষট্টিটা বছরের শোক । কোথায় চিতার আঁচটা"

(i) বক্তার এই শোকের কারণ কী ?

(ii) কোন ঘটনায় এই শোক ভুলে তিনি উৎফুল্ল হয়ে উঠলেন ?

**14.** (a) "এদের মধ্যে একজন মুস্তাফা" — *2+3=5*

(i) এরা কারা এবং এরা কোথায় ছিল ?

(ii) মুস্তাফার সংক্ষিপ্ত পরিচয় দাও ।

**অথবা (OR)**

(b) "প্রায় একটা হাতির দাম" —

(i) কিসের এত দাম ? কে সেটির প্রকৃত মালিক ছিল ?

(ii) কী ভাবে তার এত দাম হল সংক্ষেপে লেখ ।

## Section – C : Creative Writing

**15.** নীচে সংবাদপত্রে প্রকাশিত একটি প্রতিবেদন তুলে দেওয়া হল, এটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখো । *2+3=5*

নিজস্ব প্রতিনিধি, দক্ষিণ 24 পরগনা : নজরদারি নেই । তাই খোকা ইলিশ ধরা চলছে নির্বিচারে । অভিযোগ এমনটাই । একশ্রেণির মৎস্যজীবী নদী থেকে চোরাগোপ্তা খোকা ইলিশ ধরে বন্দরে আনছে । এরপর সেসব চুপিসারে পৌঁছে যাচ্ছে বাজারে । খোকা ইলিশ শিকার যেভাবে বাড়ছে, তাতে বড় ইলিশ নিয়ে অশনি সংকেত দেখছেন ব্যবসায়ীরা । মঙ্গল ও বুধবার মিলিয়ে এই ছোটো মাছ বাজারে এসেছে 100 টন । সেখানে বড়ো ইলিশ ধরা পড়েছে মাত্র 5 থেকে 6 টন ।

ধরা পড়ার ভয়ে ট্রলার গুলি প্রথম দিকে রাতের অন্ধকারে খোকা ইলিশ নিয়ে বন্দরে ঢুকছিল । এবার নতুন কৌশল নিয়েছে ওই মতস্যজীবীরা । আগে ট্রলার থেকে বন্দরে মাছ নামানোর পর ক্রেটে ভরা হতো । এখন মাছ ধরার পর, মাঝ

নদীতেই ক্রেটে ভরে বরফ চাপা দেওয়া হচ্ছে। এরপর বন্দরে ট্রলার ঢুকতেই অপেক্ষমান লরি গুলিতে তুলে পাঠানো হচ্ছে ডায়মন্ড হারবার বাজারে। অবাক ব্যাপার হলো, স্থানীয় আড়তে খোকা ইলিশ নামানোই হচ্ছে না। সংশ্লিষ্ট লরিতে একটি ক্রেট ওজন করার পর বাকি গুলির জন্য একটা গড় হিসেবে কষা হচ্ছে। আর তার ভিত্তিতেই চলছে নিলাম। অতঃপর এই ছোটো মাছগুলিই চলে যাচ্ছে কলকাতা সহ বিভিন্ন বাজারে। মৎস্যজীবীদের একাংশের মতে খোলা ইলিশ ধরায় উৎসাহ যোগাচ্ছে কিছু ট্রলার মালিক। মাছ ধরার উপর বাংলাদেশের নিষেধাজ্ঞা চলছে। সেই সুযোগে কিছু ট্রলার বাংলাদেশে ঢুকেও ছোটো মাছ ধরে আনছে বলে অভিযোগ পাওয়া যাচ্ছে। গত দুদিনে যে মাছ ঢুকেছে তার গড় ওজন ৫০ থেকে ১৫০ গ্রাম মাত্র। কাকদ্বীপ মৎস্যজীবী উন্নয়ন সমিতির সম্পাদক বলেন, বড়ো মাছ একেবারেই নেই। বড় মাছ পেতে কয়েক মাস অপেক্ষা করতেই হবে। তাও পাওয়া যাবে কিনা সংশয় রয়েছে।

(a) উপরের প্রতিবেদনাটির একটি উপযুক্ত শিরোনাম দাও।

(b) তিনটি বাক্যে মূল বিষয়টির উপর আলোকপাত করো।

**16.** (a) তোমাদের পাড়ায় বয়স্কদের জন্য একটি স্বাস্থ্য শিবির উদ্বোধন হতে চলেছে। – এই বিষয়ে একটি বিজ্ঞাপন তৈরি করো (৫০ শব্দের মধ্যে)।

*1×5=5*

**অথবা (OR)**

(b) ভারত সেবাশ্রম দ্বারা আয়োজিত দুঃস্থ ছাত্র-ছাত্রীদের দ্বারা প্রস্তুত হস্তশিল্পের আয়োজন করা হবে। – এই বিষয়ে একটি বিজ্ঞাপন তৈরি করো (৫০ শব্দের মধ্যে)।